**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল নিউ ইয়র্কের সুবিধাবঞ্চিত এলাকাসমূহে চাইল্ডকেয়ার কর্মসূচি বিস্তৃত করতে 30 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***ফেডারেল তহবিল অপ্রতুল ধারণক্ষমতাসহ সম্প্রদায়সমূহে অবস্থিত 418টি বিদ্যমান চাইল্ডকেয়ার কর্মসূচি বিস্তৃত করবে***

***এই অর্থ স্টেটব্যাপী চাইল্ডকেয়ার মরুভূমি হ্রাস করতে গভর্নর হোকলের 100 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির একটি অংশ***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে প্রায় 30 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে স্টেটের সুবিধাবঞ্চিত এলাকাসমূহে অবস্থিত স্টেটের লাইসেন্সপ্রাপ্ত, নিবন্ধিত বা অনুমতিপ্রাপ্ত বিদ্যমান 400-র বেশি চাইল্ডকেয়ার কর্মসূচির ধারণক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করার জন্য। নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিস (New York State Office of Children and Family Services, OCFS) দ্বারা পরিচালিত ফেডারেল তহবিলটি স্টেটের চাইল্ডকেয়ার মরুভূমি এলাকাসমূহে, যেখানে বিদ্যমান চাহিদা পূরণের ধারণক্ষমতা অপর্যাপ্ত, সেখানে অবস্থিত কর্মসূচিসমূহের ধারণক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের 100 মিলিয়ন মার্কিন ডলারের উদ্যোগের অংশ।

"ক্রয়ক্ষমতার বাইরে থাকা এবং উপলভ্য না থাকা চাইল্ডকেয়ার কর্মসূচির সুদূরপ্রসারী ও হৃদয়বিদারক প্রভাব দ্বারা কোনও নিউ ইয়র্কবাসীকে ভুগতে হওয়া উচিত না," **গভর্নর হোকল বলেন।** "সর্বশেষ এই অর্থদান নিউ ইয়র্কবাসীকে মানসম্পন্ন চাইল্ডকেয়ার কর্মসূচির সুবিধা পেতে সাহায্য করবে যা তাদের পরিবারের ভরণপোষণ ও ক্যারিয়ার গঠন করার জন্য তাদের প্রয়োজন। আমার প্রশাসন চাইল্ডকেয়ারে অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ করা অব্যাহত রাখবে, যা নিশ্চিত করবে যাতে কর্মজীবী পরিবার ও দুঃস্থ জনগোষ্ঠীর কাছে তাদের প্রাপ্য সমর্থন ও সহায়তা থাকে।"

আমেরিকান উদ্ধার পরিকল্পনা অ্যাক্টের (American Rescue Plan Act) মাধ্যমে উপলভ্য করা সুবিধাবঞ্চিত এলাকাসমূহের 418টি বিদ্যমান চাইল্ডকেয়ার প্রদানকারীদেরকে প্রদত্ত এই অর্থ তাদেরকে তাদের কর্মসূচি গঠনে; কর্মী নিয়োগ, প্রশিক্ষণ ও ধরে রাখতে; এবং তাদের কর্মীদের কোভিড-19 টিকা পাওয়া সমর্থন করতে সাহায্য করবে। জুলাই মাসে, গভর্নর হোকল স্টেটে

চাইল্ডকেয়ার মরুভূমি হিসেবে গণ্য এলাকাসমূহে 344টি নতুন চাইল্ডকেয়ার কর্মসূচি স্থাপন করতে সাহায্য করার জন্য 68 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করেন।

চাইল্ডকেয়ার মরুভূমি হলো কাউন্টির এমন এলাকা যেখানে প্রতিটি উপলভ্য চাইল্ডকেয়ার স্লটের জন্য পাঁচ বছরের কম বয়সী তিন বা তার থেকে বেশি শিশু রয়েছে, অথবা যেখানে কোনও চাইল্ডকেয়ার স্লটই উপলভ্য নেই। এই নির্ণায়কের উপর ভিত্তি করে নিউ ইয়র্ক স্টেটের প্রায় 60 শতাংশ এলাকাকে চাইল্ডকেয়ার মরুভূমি হিসেবে গণ্য করতে হয়।

তহবিল প্রদান করা হয়েছে:

| **অঞ্চল** | **মোট পুরস্কারসমূহ** | **প্রাপকদের সংখ্যা** |
|---|---|---|
| Capital Region | $ 1,719,000 | 38 |
| Central NY | $ 1,349,000 | 24 |
| Finger Lakes | $ 2,605,000 | 50 |
| Mohawk Valley | $ 644,000 | 10 |
| North Country | $ 779,500 | 18 |
| Southern Tier | $ 620,500 | 12 |
| Western NY | $ 4,186,000 | 53 |
| Long Island | $ 1,974,000 | 17 |
| Mid-Hudson | $ 2,920,500 | 26 |
| New York City | $ 12,688,500 | 170 |
| মোট | $ 29,486,000 | 418 |

চাইল্ডকেয়ার মরুভূমি সমাধানে তহবিলের সর্বশেষ রাউন্ডটি নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত অর্থনৈতিক পুনরুদ্ধার উদ্দীপিত করতে সাহায্য করার জন্য শিশু ও পরিবারকে সমর্থন করতে উচ্চমানের চাইল্ডকেয়ার পাওয়ার সুযোগ সম্প্রসারিত করার জন্য গভর্নর হোকলের নজিরবিহীন চার বছরে 7 বিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতির সম্পূরক। অর্থবছর 2023-র স্টেট বাজেটের (State Budget) অংশ হিসেবে গৃহীত এই অঙ্গীকারে রয়েছে চাইল্ডকেয়ার ভর্তুকি পাওয়ার উপার্জন যোগ্যতার সীমা বৃদ্ধি করে সেটিকে ফেডারেল দারিদ্র্যসীমার (Federal Poverty Level) 300 শতাংশে বৃদ্ধি করা, যা হলো চার সদস্যের একটি পরিবারের জন্য 83,250 মার্কিন ডলার, এবং এর ফলে পুরো স্টেটে আনুমানিক আরো 394,000 কমবয়সী শিশু যোগ্য হয়।

শুধু এই বছরেই গভর্নর হোকল চাইল্ডকেয়ার সহায়তার জন্য যোগ্য পরিবারের সংখ্যা বৃদ্ধি করার জন্য এবং চাইল্ডকেয়ার প্রদানকারীদের কাছে তাদের অত্যাবশ্যকীয় সেবাদানের জন্য পর্যাপ্ত তহবিল থাকা নিশ্চিত করতে ঐতিহাসিক 2 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন। এই বিনিয়োগের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট চাইল্ডকেয়ার ব্লক অনুদান (New York State Child Care Block Grants) হিসেবে 894 মিলিয়ন মার্কিন ডলার নতুন তহবিল, যেটি সাম্প্রতিক স্টেট বাজেটের অংশ হিসেবে গৃহীত হয়েছে; 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পূর্বে স্থানীয়

সামাজিক সেবা বিভাগগুলিকে বরাদ্দ দেওয়া হয়েছে কিন্তু খরচ হয়নি এমন তহবিল; এবং 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিদ্যমান কোভিড-19 মহামারী তহবিল।

**নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিসের কমিশনার শীলা পুল বলেন,** "এই তহবিল একদম ছোট শিশুদের ক্ষেত্রে চাইল্ডকেয়ারের তীব্র ঘাটতি এবং গ্রামীণ এলাকায় চাইল্ডকেয়ারের উপলভ্যতার ঘাটতি উপলব্ধি করতে পারে। যখন আপনি আপনার সন্তানের দেখাশোনা করার জন্য কাউকে খুঁজে পাবেন না, তখন কাজে যাওয়া কঠিন, যার ফলে শ্রমিক ঘাটতিও দেখা দিতে পারে। কম বয়সে চাইল্ডকেয়ারের অভিজ্ঞতা শিশুদের বাকি জীবনের আকৃতিদান করতে পারে। OCFS যেখানে পরিবারগুলির চাহিদা সবথেকে বেশি সেখানে এবং বিশেষ চাহিদাসহ পরিবারগুলির জন্য অতিরিক্ত চাইল্ডকেয়ার কর্মসূচি তৈরি সমর্থন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।"

**সিনেটর চাক শুমার বলেন,** "বহু কর্মজীবী পরিবারের জন্য, সাশ্রয়ী চাইল্ডকেয়ার নাগালের বাইরে এবং মহামারী এই অবস্থাকে আরো খারাপ করেছে, যার ফলে কাজে ফেরত যাওয়া কঠিন হয়ে গেছে। সেজন্য আমি বলিষ্ঠ চাইল্ডকেয়ার তহবিলসহ আমেরিকান উদ্ধার পরিকল্পনা পাশ করেছি। এখন, আমার নিশ্চিত করা 30 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল সরাসরি চাইল্ড কেয়ার মরুভূমি নির্মূলে কাজ করবে, ভালো বেতনের চাকরি তৈরি করবে এবং সংগ্রাম করতে থাকা পিতামাতা ও শিশুদের জন্য বাস্তব সাহায্য প্রদান করবে।"

**সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন,** "আমাদের স্টেটে চলমান সাশ্রয়ী চাইল্ডকেয়ার সেবার ঘাটতি একটি সঙ্কটের কম কিছু নয়। আমাদেরকে আমাদের পরিবারসমূহ ও চাইল্ডকেয়ার কর্মীদের সমর্থন করার জন্য আরো কাজ করতে হবে। সেজন্য আমি আমেরিকান উদ্ধার পরিকল্পনা পাশ করানোর জন্য লড়াই করে গর্বিত, এটি এমন একটি বিধিমালা যা এখন নিউ ইয়র্কজুড়ে চাইল্ডকেয়ার সেবাদানকারীদের প্রায় 30 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল প্রদান করছে। এই তহবিল আমাদের পুরো স্টেটের পিতামাতাদেরকে এই তথ্য নিয়ে কাজে ফেরত যেতে দিবে যে তাদের সন্তানেরা ভালো আছে এবং একইসাথে চাইল্ডকেয়ার কর্মীদের সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করবে। নিউ ইয়র্কের সব পরিবার যাতে তাদের সমৃদ্ধি অর্জনের জন্য প্রয়োজনীয় সহায়তা পায় সে বিষয়টি নিশ্চিত করতে আমি গভর্নর হোকলের সঙ্গে কাজ করা অব্যাহত রাখবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418